বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
'কৃষি ভবন'
৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
মহাব্যবস্থাপক(বীজ)-এর দপ্তর

স্মারক নং ঃ ১২.২৭১.০৩৫.০১.০২.১৩৯.২০১০- ৩০৩ তারিখ ঃ ১৯/০৪/২০১৮

বরাবর
১। মহাব্যবস্থাপক (পাটবীজ)
বিএডিসি, ঢাকা।
২। অতিরিক্ত মহাব্যবস্থাপক (খামার/কঃগ্রোঃ/সিডিপি-ক্রপস)
বিএডিসি, ঢাকা।
৩। প্রকল্প পরিচালক (সুবর্ণচর প্রকল্প)
বিএডিসি, ঢাকা।

বিষয় ঃ ২০১৮-১৯ বর্ষে ভিত্তি, প্রত্যায়িত ও মানঘোষিত শ্রেণির আউশ ধানবীজ সংগ্রহ লক্ষ্যমাত্রা নির্ধারণ।
সূত্র ঃ মহাব্যবস্থাপক (বীজ) দপ্তর স্মারক নং ১২.২৭১.০৩৫.০১.০২.১৩৯.২০১০-৬১ তারিখ ০৬/০২/২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে কৃষি মন্ত্রণালয়ে ২৮/০১/২০১৮ তারিখে অনুষ্ঠিত সিড প্রমোশন কমিটির ৮৩তম সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে ২০১৮-১৯ বর্ষে বিএডিসি'র খামার, কন্ট্রাক্ট গ্রোয়ার্স, পাটবীজ, সুবর্ণচর প্রকল্প ও আলুবীজ বিভাগের মাধ্যমে জাত ও শ্রেণিভিত্তিক আউশ ধানবীজ উৎপাদন কর্মসূচি জারি করা হয়। জারিকৃত উৎপাদন কর্মসূচির বিপরীতে কঃগ্রোঃ বিভাগ থেকে তৃতীয় পরিদর্শন রিপোর্ট পাওয়া গেছে। খামার বিভাগ, পাটবীজ বিভাগ, আলুবীজ বিভাগ, সুবর্ণচর প্রকল্প দপ্তর হতে ২০১৮-১৯ বর্ষের সম্ভাব্য আউশ বীজ উৎপাদন কর্মসূচি পাওয়া গেছে। এমতাবস্থায় পাটবীজ বিভাগ, খামার বিভাগ, কন্ট্রাক্ট গ্রোয়ার্স বিভাগ, আলুবীজ বিভাগ ও সূর্বনচর প্রকল্পের মাধ্যমে ২০১৮-১৯ উৎপাদন বর্ষে আউশ ধান বীজ সংগ্রহ লক্ষ্যমাত্রা নিম্নোক্তভাবে নির্ধারণ করা হলো ঃ

ক্রমিক নং	বিভাগের নাম	আউশ ধান বীজ সংগ্রহ লক্ষ্যমাত্রা (মে. টন)			
		ভিত্তি	প্রত্যায়িত	মানঘোষিত	মোট
১।	খামার বিভাগ	১০৯৬		১৩২	১২২৮
২।	কন্ট্রাক্ট গ্রোয়ার্স বিভাগ	-	৫৭৬		৫৭৬
৩।	পাটবীজ বিভাগ	১৯৫	-		১৯৫
৪।	আলুবীজ বিভাগ	৫৬	-		৫৬
৫।	সূবর্ণচর	২০			২০
সর্বমোট		১৩৬৭	৫৭৬	১৩২	২০৭৫

২। ২০১৮-১৯ উৎপাদন বর্ষে পাটবীজ বিভাগ, আলুবীজ বিভাগ, খামার, কন্ট্রাক্ট গ্রোয়ার্স বিভাগ ও সুবর্ণচর প্রকল্পের মাধ্যমে শ্রেণি ও জাতভিত্তিক আউশ ধানবীজ সংগ্রহ লক্ষ্যমাত্রার একত্রিত বিভাজন পরিশিষ্ট-'ক' তে দেখানো হলো।

৩। খামার বিভাগ, পাটবীজ বিভাগ, আলুবীজ বিভাগ ও কন্ট্রাক্ট গ্রোয়ার্স বিভাগের স্ব স্ব বিভাগীয় প্রধান খামার ও জোনওয়ারি সংগ্রহ কর্মসূচি জারি করবেন এবং বীজ প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ বিভাগ খামার ও জোনওয়ারি বীজ সংগ্রহ লক্ষ্যমাত্রার বিপরীতে বীজ উত্তোলন কর্মসূচি জারি করবে।

৪। সংস্থার খামারসমূহে উৎপাদিত ভিত্তি শ্রেণির আউশ ধান বীজ সংগ্রহ কর্মসূচির অতিরিক্ত হলে মানসম্পন্ন সমুদয় বীজ সংশ্লিষ্ট বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র উত্তোলন করবে।

৫। বীজ প্রত্যয়ন এজেন্সী কর্তৃক ভিত্তি ও প্রত্যায়িত শ্রেণির যে সকল প্লট পরিদর্শনের পর গৃহীত হয়েছে, তার প্রত্যয়ন পত্র সংশ্লিষ্ট কন্ট্রাক্ট গ্রোয়ার্স ও খামারের কর্মকর্তাগণ বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্রসমূহে সরবরাহ নিশ্চিত করবেন।

৬। বীজ সংগ্রহের ক্ষেত্রে মাঠমান ও বীজমান নিশ্চিত হয়ে বীজ সংগ্রহ করতে হবে।

৭। যুগ্মপরিচালক/ উপপরিচালক (বীপ্র) গণ সংশ্লিষ্ট উপপরিচালক (কগ্রো) ও উপপরিচালক/সিনিয়র সহকারী পরিচালক (খামার) এর নিকট থেকে বীজ প্রাপ্তির পর সাময়িকভাবে বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্রের ট্রানজিট সীড স্টোরে রাখবেন এবং বীজ প্রাপ্তি স্বীকার রশিদ প্রদান করবেন। প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষার পর গুণগত মানসম্পন্ন বীজের চূড়ান্ত প্রাপ্তি স্বীকার পত্র সর্বোচ্চ ২১ দিনের মধ্যে প্রদান করতে হবে। যুগ্ম পরিচালক/ উপ পরিচালক(বীপ্র)গণ চূড়ান্ত প্রাপ্তি স্বীকার পত্র দেয়ার পর বীজের সঠিক পরিমাণ ও গুণগত মানের জন্য সম্পূর্ণ দায়ী থাকবেন। গৃহীত বীজ প্রাপ্তি চালানে বীজের জাত, বীজের শ্রেণী, উৎপাদন বর্ষ, পরিমাণ, লট নম্বর, কেন্দ্রের নাম, অঙ্কুরোদ্গম ক্ষমতাসহ প্রয়োজনীয় তথ্য উল্লেখ করতে হবে। বীজ সংগ্রহকালে বীজের অঙ্কুরোদ্গম ক্ষমতা ন্যূনতম ৯০%, বিশুদ্ধতা নির্ধারিত মান অনুযায়ী এবং আর্দ্রতা সর্বোচ্চ ১২% থাকতে হবে।

৮। লক্ষ্যমাত্রা অনুযায়ী আউশ বীজ নির্ধারিত সময়ের মধ্যে সংগ্রহ / উত্তোলন / পরিবহণ / বীপ্র কেন্দ্রে হস্তান্তরের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণ করতে হবে। আউশ বীজ ফসল কর্তন, মাড়াই, শুকানো এবং পরিষ্কারের সঙ্গে সঙ্গে সংগ্রহ কেন্দ্রে পরিবহণ ও সংরক্ষণের ব্যবস্থা নিতে হবে। পোস্ট হার্ভেস্ট মান নিয়ন্ত্রণের প্রত্যেকটি ধাপ যাতে পালিত হয় সে ব্যবস্থা অবশ্যই গ্রহণ করতে হবে।

৯। অত্র দপ্তর হতে ইতিপূর্বে জারিকৃত স্মারক নং ৩০৬ তারিখ ০৩/০৪/১৯৯০ মাধ্যমে ভিত্তি বীজের জন্য এবং স্মারক নং ২৯৮ তারিখ ৩১/০৩/১৯৯০ মাধ্যমে প্রত্যায়িত ও মানঘোষিত শ্রেণীর বীজের জন্য বীজের সংগ্রহমান ও সংগ্রহ পদ্ধতির নীতিমালা কঠোরভাবে অনুসরণ করতে হবে।

১০। বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র কর্তৃক সকল শ্রেণীর আউশ ধান বীজ উত্তোলন কাজ ০৫ অক্টোবর '২০১৮ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। এ ব্যাপারে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও বিভাগীয় প্রধানগণ ব্যক্তিগতভাবে উদ্যোগী হবেন এবং বীজ সংগ্রহ কাজ নিয়মিত মনিটর করবেন।

১১। লক্ষ্যমাত্রা অনুযায়ী বীজ উত্তোলন ও সংরক্ষণের অগ্রগতি সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ মনিটরিং করবেন এবং বীজের শ্রেণি ও জাতভিত্তিক সাপ্তাহিক অগ্রগতির প্রতিবেদন বিভাগীয় প্রধানগণ নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করবেন। আউশ ধান বীজ সংগ্রহ শেষে সংগ্রহের চূড়ান্ত রিপোর্ট আগামী ১০ অক্টোবর '২০১৮ তারিখের মধ্যে দাখিল করতে হবে।

সংযুক্তি ঃ বর্ণনা মোতাবেক।

২৭/৮/১৮

(মো: ফারুক জাহিদুল হক)
মহাব্যবস্থাপক (বীজ)
বিএডিসি, ঢাকা
ফোন ঃ ৯৫৫২৩১৭

স্মারক নং ঃ ১২.২৭১.০৩৫.০১.০২.১৩৯.২০১০- ২১.০৮.১৮ তারিখ ঃ ১৯/০৮/২০১৮

সদয় অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। অতিরিক্ত মহাব্যবস্থাপক (বীপ্রস/বীবি), বিএডিসি, ঢাকা।
২। যুগ্মপরিচালক (বীজ পরীক্ষাগার), বিএডিসি, বীজ ভবন, গাবতলী, মিরপুর, ঢাকা।
৩। জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ বিভাগ, বিএডিসি, ঢাকা।
৪। সহকারি প্রোগ্রামার, আইসিটি সেল, বিএডিসি, ঢাকা- বিএডিসি ওয়েব সাইটে প্রকাশের জন্য।
৫। সদস্য পরিচালক (বীজ ও উদ্যান) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
৬। চেয়ারম্যান, বিএডিসি মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।

পরিশিষ্ট-ক

২০১৮-১৯ উৎপাদন বর্ষে বিএডিসি'র মাধ্যমে আউশ ধানবীজ সংগ্রহ কর্মসূচির তথ্যাদি

ক্রমিক নম্বর	জাত	২০১৮-১৯ বর্ষে আউশ ধানবীজ সংগ্রহ কর্মসূচি (মে. টন)												
		খামার বিভাগ			পাটবীজ বিভাগ	আলুবীজ বিভাগ			সুবর্ণচর প্রকল্প	কঃ গ্রোঃ বিভাগ	মোট বীজ উৎপাদন পরিকল্পনা			
		ভিত্তি	মানঘোষিত	মোট	ভিত্তি	ভিত্তি	মানঘোষিত	মোট	ভিত্তি	প্রত্যয়িত	ভিত্তি	প্রত্যয়িত	মানঘোষিত	মোট
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫
২	বিআর-৩	২৫		২৫				০			২৫	০	০	২৫
৩	বিআর-১৪	১০		১০				০		৪০	১০	৪০	০	৫০
৪	বিআর-১৬	১০		১০				০			১০	০	০	১০
৫	বিআর-২১	৫		৫				০			৫	০	০	৫
৬	বিআর-২৪	৫		৫				০			৫	০	০	৫
৭	বিআর-২৬	২৫০		২৫০				০			২৫০	০	০	২৫০
৮	ব্রি ধান-২৭	৬		৬				০			৬	০	০	৬
৯	ব্রি ধান-৪২	২০		২০				০			২০	০	০	২০
১০	ব্রি ধান-৪৩	২০		২০				০			২০	০	০	২০
১১	ব্রি ধান-৪৮	৬৫৮		৬৫৮	১৯৫	৫৬		৫৬	১৫	৫৩৬	৯২৪	৫৩৬	০	১৪৬০
১২	ব্রি ধান-৫৫	৭৭		৭৭				০	৫		৮২	০	০	৮২
১৩	ব্রি ধান-৬৫	৫		৫				০			৫	০	০	৫
১৪	ব্রি ধান-৮২		৩০	৩০				০			০	০	৩০	৩০
১৫	বিনা-১৯	৫		৫				০			৫	০	০	৫
১৬	নেরিকা-১		৩	৩				০			০	০	৩	৩
১৭	নেরিকা-১০		৩	৩				০			০	০	৩	৩
১৮	নেরিকা মিউট্যান্ট		৯৬	৯৬				০			০	০	৯৬	৯৬
১৯	মোট আউশ	১০৯৬	১৩২	১২২৮	১৯৫	৫৬	০	৫৬	২০	৫৭৬	১৩৬৭	৫৭৬	১৩২	২০৭৫

(ড. মোঃ আকতার হোসেন খান)
উপব্যবস্থাপক (কর্মসূচি)
বিএডিসি, ঢাকা

(মো: ফখরুল হাসান প্রধান)
ব্যবস্থাপক (কর্মসূচি)
বিএডিসি, ঢাকা

(মো: ফারুক জাহিদুল হক)
মহাব্যবস্থাপক (বীজ)
বিএডিসি, ঢাকা